

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৫৫

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

الْفَصْلُ الثَّالِثُ (بَابُ جَامِعِ الْمَنَاقِبِ)

আরবী

عَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ لِكُلِّ نَبِيٍّ سَبْعَةَ نُجَبَاءَ رُقَبَاءَ وَأُعْطِيَتْ أَنَا أَرْبَعَةٌ عَشْرَةَ قُلْنَا: مَنْ هُمْ؟ قَالَ: أَنَا وَابْنَائِي وَجَعْفَرٌ وَحَمْزَةُ وَأَبُو بَكْرٍ وَعُمَرُ وَمُصْعَبُ بْنُ عُمَيْرٍ وَبِلَالٌ وَسَلْمَانُ وَعَمَّارٌ وَعَبْدُ اللَّهِ بْنُ مَسْعُودٍ وَأَبُو ذَرٍّ وَالْمِقْدَادُ. رَوَاهُ التِّرْمِذِيُّ

اسناده ضعيف ، رواه الترمذی (3785) [و صححه الحاكم (3 / 199) فتعقبه الذهبي بقوله: "بل كثير واه"] * فيه كثير النواء : ضعيف -

বাংলা

৬২৫৫-[৬০] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: প্রত্যেক নবীর জন্য সাতজন বিশেষ মর্যাদাবান রক্ষণাবেক্ষণকারী ছিলেন। আর আমাকে দেয়া হয়েছে চৌদ্দজন। আমরা 'আলী (রাঃ)-কে প্রশ্ন করলাম, তারা কারা? তিনি বললেন, আমি স্বয়ং আমার পুত্রদ্বয় (হাসান ও হুসায়ন), জা'ফার, হামযাহ, আবু বকর, 'উমার, মুস'আব ইবনু উমায়র, বিলাল, সালমান, 'আম্মার, আবদুল্লাহ ইবনু মাস'উদ, আবু যার ও মিকদাদ। (তিরমিযী)

ফুটনোট

যঈফ: তিরমিযী ৩৭৮৫, য'ঈফুল জামি' ১৯১২, মুসনাদে আহমাদ ১২০৫, আল মু'জামুল কাবীর লিহু তবারানী ৫৯২৪; হাদীসটি য'ঈফ হওয়ার কারণ সনদে কাসীর আন নাওয়া য'ঈফ বর্ণনাকারী, হিদায়াতু রুওয়াত ৫/৪৯০-৪৯১ পৃষ্ঠা, হা, ৬২০৩।

ব্যখ্যা

ব্যখ্যা: (حَمَزَةُ)হামযাহ্ ইবনু 'আবদুল মুত্তালিব। তাঁর উপনাম আবু 'উমারাহ্ তথা রাসূলুল্লাহ (সা.) - এর চাচা এবং দুধ ভাই।

হাদীসে উল্লেখিত তাদের উভয়কে আবু লাহাব-এর দাসী সুওয়াইবাহ্ দুধ পান করিয়েছেন। তিনি আসাদুল্লাহ নামে খ্যাত হয়েছেন। নুবুওয়্যাতের দ্বিতীয় বছরে আগের দিনে ইসলাম গ্রহণ করেন। আল্লাহ তাঁকে ইসলাম গ্রহণের মাধ্যমে মহা সম্মানিত করেছেন। তিনি বদর যুদ্ধে অংশগ্রহণ করেন এবং উহুদ যুদ্ধে শাহাদাত বরণ করেন। তাঁকে নৃশংসভাবে হত্যা করে ওয়াহশী ইবনু হারব। তিনি রাসূল (সা.) থেকে চার বছরের বড় ছিলেন।

ইবনু 'আবদুল বার (রহিমাহুল্লাহ) বলেন: এটা আমার মতে সঠিক নয়, কারণ তিনি রাসূল (সা.) -এর দুধ ভাই। আর সুওয়াইবাহ্ উভয়কে দু' সময়ে দুধ পান করিয়ে থাকতে পারেন। তবে কেউ বলেন, তিনি রাসূল (সা.) -এর চাইতে দুই বছরের বড়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86231>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন